# India’s humanitarian assistance to Afghanistan

June 02, 2022

---

# আফগানিস্তানে ভারতের মানবিক সহায়তা

জুন 02, 2022

পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের যুগ্ম সচিবের (পিএআই)নেতৃত্বে একটি দল বর্তমানে আফগানিস্তানে আমাদের মানবিক সহায়তা কার্যের তদারকি করার জন্য কাবুলে সফররত।

2. সফরকালে, দলটি মানবিক সহায়তা বিতরণ কার্যে যুক্ত আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলির প্রতিনিধিদের সাথে দেখা করবেন। উপরন্তু, আশা করা যাচ্ছে যে এই দলটি যেখানে ভারতীয় কর্মকান্ড/প্রকল্পগুলিকে বাস্তবায়িত করা হচ্ছে সেই সব বিভিন্ন জায়গাগুলি পরিদর্শন করবেন।

3. স্মরণ করা যেতে পারে যে, আফগানিস্তানের জনগণের মানবিক সাহায্যের প্রয়োজনে সাড়া দিয়ে, ভারত আফগানিস্তানে মানবিক সহায়তা প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এই প্রচেষ্টায় আমরা ইতিমধ্যেই বেশকিছু মানবিক সহায়তা প্রেরণ করেছি , যার মধ্যে রয়েছে 20,000 মেট্রিক টন গম, 13 টন ওষুধ, 500,000 ডোজ কোভিড ভ্যাকসিন এবং শীতের পোশাক। এইসকল প্রেরত সাহায্যগুলি ভার গান্ধী শিশু হাসপাতাল, কাবিল এবং ডব্লুএইচও এবং ডব্লুএফএ সহ রাষ্ট্রসঙ্ঘ বিশেষায়িত প্রতিষ্ঠানগুলির হাতে তুলে দেওয়া হয়েছে। উপরন্তু, আফগানিস্তানে আরও চিকিৎসা সহযোগিতা ও শস্যদ্রব্য পাঠানোর প্রক্রিয়া ভারত জারি রেখেছে।

4. আফগান ভাইদের সাথে আমাদের বিকাশের অংশীদারিত্বের ধারাকে বজায় রেখে, ইরানে আফগান শরনার্থীদের টিকা প্রদানের জন্য আমরা ইরানে ভারতে তৈরি কোভ্যাক্সিন-এর দশলক্ষ ডোজ উপহার হিসেবে পাঠিয়েছি। আমরা ইউনিসেফ-কে প্রায় 60 মিলিয়ন ডোজ পোলিও ভ্যাকসিন এবং দুই টন অত্যাবশ্যকীয় ওষুধ সরবরাহ করে সহযোগিতাও করেছি।

5. ভারতের উন্নয়ন ও মানবিক সহযোগিতা আফগান সমাজের সর্বস্তরে ব্যাপক হারে প্রশংসা অর্জন করেছে।

6. এই প্রসঙ্গে, ভারতীয় দলটি তালিবানের বরিষ্ঠ সদস্যদের সাথে সাক্ষাৎ করবে এবং আফগানিস্তানের জনগণের প্রতি ভারতের মানবিক সহায়তা নিয়ে আলোচনা করবে।

7. আফগানিস্তানের জনগণের সাথে ভারতের ঐতিহাসিক এবং সভ্যতাগত সম্পর্ক রয়েছে এবং দীর্ঘকাল ব্যাপী এইসম্পর্কগুলি আমাদের দৃষ্টিভঙ্গিকে পরিচালিত করতে থাকবে।

**নিউ দিল্লি**
**জুন 02, 2022**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.